

Bankura University

BA 5th Semester (Honours) Examination, 2021

বাংলা

Course Title: উনিশ ও বিশ শতকের কথাসাহিত্য

Course ID: 50112

Course Code: AHBNG-502-C-12

সময়: ২ ঘন্টা

পূর্ণমান: ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

২ x ৫ = ১০

ক) ‘চন্দ্রশেখর’ উপন্যাসটি কত খ্রিস্টাব্দে কোন পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল ?

খ) দলনী বেগমের সম্পূর্ণ নাম লেখো। ‘দলনী বেগম’ নামক পরিচ্ছেদে সে কার জন্য অপেক্ষারত ?

গ) ‘কাহাকে?’ উপন্যাসে মোট কতগুলি পরিচ্ছেদ আছে ? এই উপন্যাসে যে গানটির কথা বারবার এসেছে তার প্রথম দুটি পঙক্তি লেখো।

ঘ) ‘তিনিও বিলাত ফেরত’ – তিনি কে? উপন্যাসে বিলাত ফেরতের সঙ্গে কোথায় প্রথম দেখা হয়েছিল ?

ঙ) ‘দিবারাত্রির কাব্য’ উপন্যাসটি কোন স্থান-নাম দিয়ে শুরু হয়েছিল ? আনন্দ কোন শিল্পে পারদর্শী ছিল ?

চ) সুপ্রিয়ার স্বামীর নাম কী ? তার পেশা কী ছিল ?

ছ) ‘বাবুর আস্তে চালাবার হুকুম।’ – বাবু ও ড্রাইভারের নাম লেখো।

জ) ‘প্রাগৈতিহাসিক’ গল্পে ভিখু কোথায় ডাকাতি করতে গিয়েছিল ? ধরা পড়ার ভয়ে সে কোথায় আত্মগোপন করে ছিল?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

৫ x ২ = ১০

ক) ‘চন্দ্রশেখর’ উপন্যাসে লরেন্স ফস্টার চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।

খ) ‘কাহাকে?’ উপন্যাসে শৈশবে বাবার প্রতি কথকের যে একচ্ছত্র অধিকারবোধ প্রকাশিত হয়েছে, তা উপন্যাস অনুসরণে লেখো।

গ) 'দিবারাত্রির কাব্য' উপন্যাসে হেরস্ব চরিত্রটি বিশ্লেষণ করো।

ঘ) 'প্রাগৈতিহাসিক' গল্পের নামকরণ কতখানি তাৎপর্যবহু বুঝিয়ে দাও।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

১০ x ২ = ২০

ক) 'চন্দ্রশেখর' উপন্যাসে প্রতাপ চরিত্রটি বিশ্লেষণ করো।

খ) 'কাহাকে?' উপন্যাসে মৃগালিণীর মানসিক টানাপোড়েন বিশ্লেষণ করে বুঝিয়ে দাও

গ) 'দিবারাত্রির কাব্য' উপন্যাসের প্রধান নারী চরিত্রগুলি প্রত্যেকেই নিজের অস্তিত্ব রক্ষায় তৎপর। -- উপন্যাস অনুসারে বক্তব্যটির যথার্থ্য বিচার করো।

ঘ) 'ছোটবকুলপুরের যাত্রী' গল্পে মানিক বন্দ্যোপাধ্যায় শ্রমিক-মালিক সংঘর্ষের আবহাওয়ায় সাধারণ মানুষের অসহায়তার গল্প বলেছেন। -- আলোচনা করো।